

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৪১

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - জিয্ইয়াহ্-এর বর্ণনা

আরবী

عَنْ أَسْلَمَ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ ضَرَبَ الْجِزْيَةَ عَلَى أَهْلِ الذَّهَبِ أربعة دنانيرَ وعَلى أهلِ الوَرِقِ أَرْبَعِينَ دِرْهَمًا مَعَ ذَلِكَ أَرْزَاقُ الْمُسْلِمِينَ وَضبِيَافَةُ ثلاثةِ أيامٍ. رَوَاهُ مَالك

বাংলা

808১-[৭] আসলাম (রহঃ) হতে বর্ণিত। 'উমার ইবনুল খত্ত্বাব (রাঃ) স্বর্ণের মালিকগণের ওপর চার দীনার (স্বর্ণমুদ্রা) এবং রৌপ্যের মালিকগণের ওপর চল্লিশ দিরহাম (রৌপ্যমুদ্রা) জিয্ইয়াহ্ নির্ধারণ করেছেন। এছাড়াও তিনদিন মুসলিমদের আতিথেয়তা করাও তাদের ওপর বাধ্যতামূলক করেছেন। (মালিক)[1]

ফুটনোট

[1] সহীহ : মালিক ৬২৩, ইরওয়া ১২৬১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَعَ ذَٰلِكَ أَرْزَاقُ الْمُسْلِمِيْنَ وَضِيَافَةُ ثَلَاثَةِ أَيَّامٍ) এর সাথে অতিরিক্ত মুসলিমদের খাদ্যের ব্যবস্থা করা এবং তিন দিনের মেহমানদারী করা। অর্থাৎ জিয্ইয়ার অতিরিক্ত শর্তযুক্ত করা। শারহুস্ সুন্নাতে উল্লেখ আছে যে, যিম্মীদের থেকে ১ দীনারেরও অধিক জিয্ইয়াহ্ নেয়া এবং মুসলিম যাত্রী দলের জন্য মেহমানদারীর শর্তে সিন্ধিচুক্তি করা বৈধ। তবে মেহমান এবং তাদের ঘোড়ার সংখ্যা উল্লেখ করতে হবে এবং লোকেদের খাদ্যমান এবং পশুর জন্য খাবারের প্রকারও উল্লেখ থাকা আবশ্যক। তবে ধনী ও মধ্যম শ্রেণীর যিম্মীদের জন্য মেহমানের সংখ্যার পরিমাণের মধ্যে পার্থক্য করা যাবে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আসলাম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন